

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.১৭৪.০১৫.০০.০০.০১২.২০১৪-৭০

তারিখ : ০৭.০৩.২০১৮খ্রিঃ

বিষয়: শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তাবিত পদসমূহ পূরণে নিয়োগ তফসিলের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: শেখাখামেকহা/গোপা/২০১৭-১৮/২৪৫,

তারিখ : ২৯.০১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্পের পদ/জনবলের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত গত ০৭.০৩.২০১৮ তারিখে ৪৫.১৭৪.০১৫.০০.০০.০১২.২০১৪-৬৯ স্মারকে ১১-২০ গ্রেড পর্যন্ত জনবল নিয়োগ/বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে পদসমূহ পূরণ করার জন্য নিয়োক্ত শর্ত সাপেক্ষে প্রেরিত নিয়োগ তফসিলের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো:

২। শর্তসমূহ :

- এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগ তফসিল এবং সরকারী নিয়োগ সংক্রান্ত প্রচলিত সমস্ত বিধি-বিধান যথা-বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য প্রচলিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- নিয়োগ তফসিলে বর্ণিত পদসমূহের বেতনভাতা সাকুল্যে (কনসোলিডেটেড পে) বেতন চুক্তি ভিত্তিক (শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য) করতে হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;
- প্রকৃত শূন্য পদ ব্যতিরেকে কোন পদে নিয়োগ প্রদান করা যাইবে না;
- গঠিত নিয়োগ কমিটির অনুমোদন ছাড়া কোন পদে নিয়োগ প্রদান করা যাইবে না;
- পূরণকৃত পদ পুনরায় শূন্য হলে নিয়োগের পূর্বে এ বিভাগের যথাযথ অনুমোদন গ্রহণ করতে হবে;
- প্রযোজ্য ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখার আউট সোর্সিং সংক্রান্ত নীতিমালা, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- এ ছাড়াও সুপারিশকৃত পদে জনবল সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারী প্রচলিত অন্যান্য নিয়ম/বিধি প্রতিপালন করতে হবে;
- নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন বা অন্য কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবে।

সংযুক্তি: ১ পাতা।

(এস এম জাহাঙ্গীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৫৪০

প্রকল্প পরিচালক,

শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ

অনুলিপি :

- অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মুখ্য সচিব (প্রকল্প বাস্তবায়ন) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।